বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা
BANGLADESH SPORTS COUNCIL OF AMERICA
40-27 62 St Woodside, NY 11377, Tel: 917-523-1344, 347-416-4966, E-mail bscany@gmail.com, www.bscaus.org

*Md. Mohiuddin Dewan*
*President*
*Tel: 917-523-1344*

*Abdul Basit Khan (Bulbul)*
*Secretary*
*Tel: 718-207-4597*

# ফুটবল লীগ ও টুর্নামেন্ট ২০১৫

## অংশগ্রহন এবং খেলার নিয়মাবলী

১/ বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা আয়োজিত ফুটবল লীগ ও টুর্নামেন্ট ২০১৫ ফিফার ও BSCA আইন দ্বারা পরিচালিত হবে।

২/ ২০১৫ লীগের খেলাগুলো লীগ পদ্ধতিতে পরিচালিত হবে। লীগের সর্বোচ্চ পয়েন্ট তালিকায় শীর্ষে থাকা দলকে লীগ চ্যাম্পিয়ন ও রানার্স আপ ট্রফি প্রদান করা হবে।

৩/ ২০১৫ লীগ সর্বোচ্চ ১২ দলকে অংশগ্রহনের সুযোগ দেওয়া হবে। লীগে অংশগ্রহণের এন্ট্রি ফি ১৭০০ ডলার (অফেরতযোগ্য)।

৪/ লীগের শীর্ষ তালিকায় যে ৪টি দল থাকবে ঐ দলগুলোকে নিয়ে BSCA টুর্নামেন্ট ২০১৫ অনুষ্ঠিত হবে। (১ বনাম ৪ এবং ২ বনাম ৩ খেলা হবে)। এবং ২টি খেলার বিজয়ী দলকে নিয়ে টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হবে।

৫/ ফুটবল লীগের খেলাগুলো রেজিস্ট্রেশনকৃত রেফারী দ্বারা পরিচালিত হবে। যদি কোন কারণ বশত রেফারী খেলার সময় অনুপস্থিত থাকে। তাহলে স্পোর্টস কাউন্সিল অনুমোদিত রেফারী দ্বারা খেলা পরিচালিত হবে। ***খেলা পরিচালনার ক্ষেত্রে রেফারীর সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।***

৬/ ২০১৫ লীগে নন-রেসিডেন্ট বাংলাদেশী কোন খেলোয়াড় খেলায় অংশগ্রহণ করতে পারবে না। (ইউএসএ-র বাহিরে প্রত্যেক খেলোয়াড় নন-রেসিডেন্ট বাংলাদেশী হিসেবে গণ্য হবে)। শুধুমাত্র টুর্নামেন্ট ২০১৫ এ প্রত্যেক দলের সর্বোচ্চ ৫ জন নন-রেসিডেন্ট বাংলাদেশী খেলোয়াড় খেলায় অংশগ্রহণ করতে পারবে।

৭/ কোন খেলোয়াড়ের বৈধতা নিয়ে প্রতিপক্ষ দল আপত্তি জানালে উক্ত খেলোয়াড়কে অবশ্যই তার স্বপক্ষে বৈধ আইডি প্রদর্শন করতে হবে। আইডি প্রদর্শনে ব্যর্থ হলে উক্ত খেলোয়াড় খেলায় অংশগ্রহণ করতে পারবে না। কোনো খেলা শেষ হওয়ার পর আপত্তি জানালে স্পোর্টস কাউন্সিল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে আইডি প্রদর্শনে ব্যর্থ হলে উক্ত খেলোয়াড়ের দল জয়ী হলেও তাদেরকে পরাজিত ঘোষনা করা হবে।

৮/ টুর্নামেন্টের প্রত্যেক খেলায় অংশগ্রহনকারী সকল খেলোয়াড়দেরকে স্পোর্টস কাউন্সিল কর্তৃক চাহিবা মাত্র বৈধ আইডি প্রদর্শন করতে হবে। আইডি প্রদর্শনে ব্যর্থ খেলোয়াড়কে উক্ত খেলায় অংশগ্রহন করতে দেয়া হবে না। খেলোয়াড় সংক্রান্ত যে কোনো জটিলতার সৃষ্টি হলে স্পোর্টস কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। স্পোর্টস কাউন্সিলের সিদ্ধান্তে বিরুদ্ধে কোন দলের আপত্তি গ্রহনযোগ্য হবে না।

৯/ ২০১৫ লীগ ও টুর্নামেন্টের প্রত্যেক খেলায় সর্বমোট ১৮ জন খেলোয়াড় রেজিস্ট্রেশন করতে পারবেন এবং প্রত্যেক খেলায় সর্বোচ্চ ৫ জন খেলোয়াড় পরিবর্তন করা যাবে। কোনো দল এই নিয়ম ভঙ্গ করলে সেই খেলায় তাদেরকে পরাজিত ঘোষনা করা হবে।

১০/ BSCA ২০১৫ লীগে খেলাগুলো ২৫ মিনিট + ২৫ মিনিট হবে। টুর্নামেন্ট ২০১৫ এর খেলাগুলো ৩৫ মিনিট + ৩৫ মিনিট এবং ফাইনাল খেলা ৪০ মিনিট + ৪০ মিনিট করে চলবে। প্রতিটি খেলার মধ্যে ৫ মিনিট করে বিরতি থাকবে।

১১/ খেলার পূর্বে বা খেলা চলাকালীন অবস্থায় কোন দলের কোন প্রকার আপত্তি বা অভিযোগ থাকিলে খেলা শেষ হওয়ার ২৪ ঘন্টার মধ্যে অফেরতযোগ্য নগদ ৪০০ ডলার ফি দিয়ে ঐ দলের কর্মকর্তাকে BSCA সভাপতি বরাবরে লিখিত আবেদন করতে হবে। খেলাটি তার নিয়মতান্ত্রিক ভাবে সমাপ্ত হবে এবং কমিটি যথাসময়ে উক্ত অভিযোগের সিদ্ধান্ত জানাবে।

১২/ মাঠ কর্তৃপক্ষের জন্য যদি খেলা পরিচালনা সম্ভব না হয় তাহলে ঐদিনের খেলার প্রতিটি দলকে ১ পয়েন্ট করে দেওয়া হবে। একের অধিক যদি মাঠ খেলার অনুপযুক্ত হয় তাহলে পরবর্তীতে BSCA কর্তৃপক্ষের সময় অনুযায়ী ঐ খেলাগুলো পুনরায় সময়সূচী নির্ধারণ করবে। দূর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য যদি খেলা পরিচালনা সম্ভব না হয় তাহলে ঐদিনের খেলার প্রতিটি দলকে ১ পয়েন্ট করে দেওয়া হবে।

১৩/ খেলায় অংশগ্রহনকারী দলের খেলোয়াড়, সমর্থক ও কর্মকর্তার দ্বারা যদি খেলায় কোন বিশৃঙ্খলা ও খেলা পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হয় এবং ঐ দলের কর্মকর্তা নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয় এবং সেই সাথে BSCA কর্মকর্তা, রেফারি এবং অতিথির সাথে অসৌজন্যমূলক আচরণ করা হয় এর জন্য সম্পূর্নভাবে ঐ দল দায়ী থাকবে। এর প্রেক্ষিতে তাদের বিরুদ্ধে BSCA যে কোন শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবে।

১৪/ প্রতিটি দলকে তাদের ম্যাচ শুরুর ১৫ মিনিট আগে মাঠে নামার জন্য প্রস্তুত থাকতে হবে এবং খেলা শুরুর ১০ মিনিট পূর্বে অবশ্যই তাদের খেলোয়াড়দের তালিকা কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে।

১৫/ কোন দল নির্ধারিত সময়ে উপস্থিত হতে না পারলে রেফারী ১০ মিনিট অপেক্ষা করে উপস্থিত দলকে ওয়াকওভার দেবে এবং দলটি ২-০ গোলে বিজয়ী বলে বিবেচিত হবে। উভয় দল যদি নির্ধারিত সময়ে মাঠে নামতে বিলম্ব করে, তাহলে উভয় দলের নির্ধারিত সময় থেকে বিলম্বীত সময়টুকু বাদ দিয়ে বাকী সময় খেলা পরিচালিত হবে।

১৬/ একই খেলায় একজন খেলোয়াড় যদি ২টি হলুদ কার্ড পান তা হলে তা লাল কার্ড হিসেবে বিবেচিত হবে এবং তিনি ঐ ম্যাচসহ পরবর্তী এক ম্যাচের জন্য সাসাপেন্ড থাকবেন। কোন খেলোয়াড় যদি রেফারী কর্তৃক সরাসরি লাল কার্ড পান তাহলে তিনি ঐ ম্যাচসহ পরবর্তী দুই ম্যাচের জন্য সাসপেন্ড থাকবেন।

১৭/ খেলায় অংশগ্রহণকারী প্রতিটি দলের ২ (দুই) সেট জার্সী ২ (দুই) রং এর থাকতে হবে। অবশ্যই জার্সী নাম্বার থাকতে হবে।

১৮/ বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা প্রয়োজন সাপেক্ষে যে কোন সময় উপরোক্ত নিয়মাবলীর পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করতে পারবে।

Team Name:____________________________________________

Team Manager:__________________________________________

I ______________________________, is authorized by my team as the their representative.

I agree to all terms, rules and laws of the Game set by Bangladesh Sports Council of America.
I also agree to pay all fees required by Bangladesh Sports Council of America.

______________ ______________
Signature Date